# চুনারুঘাট পৌরসভা কার্যালয়
## চুনারুঘাট, হবিগঞ্জ।

**পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিত কমিটির সভার কার্যবিবরণী :**

সভাপতি : মোঃ জিয়াউর রহমান
প্রশাসক, চুনারুঘাট পৌরসভা
সভার তারিখ ও সময় : ২৬.০১.২০২৬ খ্রিষ্টাব্দ, বিকাল ৩.০০টা

সভার স্থান : সভাকক্ষ, চুনারুঘাট পৌরসভা।

সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক' সন্নিবেশিত

সভাপতি উপস্থিত সকল সদস্য ও পৌরসভার কর্মকর্তা-কর্মচারীগনকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভপতির অনুমতিক্রমে পৌরসভার হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোহাম্মদ লিয়াকত আলী বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতপর: সভায় আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | পৌরসভার বিভিন্ন কর ফি ইত্যাদি রাজস্ব আদায় সংক্রান্ত। | সভায় হিসাবরক্ষণ কর্মকর্তা বিগত মাসে পৌরসভার হোল্ডিং টেক্স, ট্রেড লাইসেন্স ফি, যানবাহন কর ও অন্যান্য খাতে রাজস্ব আদায়ের তথ্য/ হিসাব বিবরনী উপস্থাপন করেন। উপস্থাপিত হিসাব বিবরণী সভায় পর্যলোচনা করা হয়। হিসাবরক্ষণ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, অত্র পৌরসভায় চলমান IUGIP প্রকল্পটি Result Based Lending এবং DLI ভিত্তিক হওয়ায় প্রকল্পের আওতায় প্রনীত UGIAP এ বর্ণিত কার্যক্রম কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের বাধ্যবাধকতা রয়েছে। তন্মধ্যে হোল্ডিং টেক্স নূন্যতম ৮০% এবং নন টেক্স রাজস্ব দাবীর নূন্যতম ৯০% আদায় করতে হবে। পৌরসভার নিজস্ব রাজস্ব বাজেটের আওতায় Poverty Redution Action Plan (PRAP) খাতে ১% , Gender Equation and Social Inclusion Action Plan (GESIAP) খাতে ১% এবং O & M খাতে মোট রাজস্ব বাজেটের ২৫% অর্থ ব্যয় করতে হবে। অন্যথায় পৌরসভা প্রকল্প সহায়তা থেকে বাদ পড়তে পারে। নাগরিক সেবার এ সকল খাতের ব্যয় নির্বাহের জন্য পৌরসভার রাজস্ব আদায় বৃদ্ধি অব্যাহত রাখতে হবে। সভায় উপ সহকারী প্রকৌশলী জনাব টিটন দাশ বলেন েএখনো অনেক হোল্ডিং এসসমেন্টের আওতায় আসে নাই। রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে অন্তর্বতী এসেসমেন্ট করে নতুন হোল্ডিং এর কর ধার্য ও আদায় করা প্রয়োজন এবং রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে আদায়ের নতুন নতুন উৎস বের করা প্রয়োজন। তিনি আরো জানান বকেয়াসহ হালসনের ট্রেড লাইসেন্স ফি আদায়ের জন্য অভিযান পরিচালনা করা জরুরী।<br><br>সভাপতি জানান যে, IUGIP প্রকল্পটি চুনারুঘাট পৌরসভার জন্য খুবই গুরুত্বপুর্ন। এ প্রকল্প হতে বরাদ্ধকৃত অর্থ দ্বারা পৌরসভার গুরুত্বপূর্ণ বড় বড় অবকাঠাসো উন্নয়নের কাজ চলমান আছে এবং আরো কাজ করার সুযোগ রয়েছে। কাজেই প্রকল্পের শর্তাবলী পূরণসহ পৌরবাসীকে কাঙ্খীত নাগরিক সেবা প্রদানের জন্য পৌরসভার নিজস্ব রাজস্ব দাবী ও আদায় বৃদ্ধি অপরিহার্য । পৌরসভার হোল্ডিং নন-হোল্ডিং টেক্স/রাজস্ব আদায়ের হার আরো বৃদ্ধির জন্য সকলকেই আরো তৎপর হতে হবে। পৌরসভার পানা বিভিন্ন কর, ফি রেইটস ইত্যাদি আদায়ের জন্য জোরালো ব্যবস্থা গ্রহন করতে হবে এবং কমিটির সকলকেই আদায় কার্যক্রমে সার্বিক সহযোগিতা এবং নিয়মিত তদারকী করতে হবে।<br><br>**সিদ্ধান্ত ১.১:** বকেয়াসহ হালসনের হোল্ডিং টেক্স, ট্রেড লাইসেন্স ফি, অযান্ত্রিক যানবাহনের লাইসেন্স ফি, ইমারত নির্মান ফি, বিভিন্ন হাসপাতাল, ডায়গনষ্টিক | (ক) প্রশাসক<br>(খ) পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাব রক্ষণ কর্মকর্তা<br>(গ) উপ সহকারী প্রকৌশলী<br>(ঘ) কর আদায়কারী<br>(ঙ) বিভিন্ন সনদপত্র প্রস্তুত কাজে দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সহকারীগন। |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | সেন্টার, ক্লিনিক এর নিকট পাওনা বর্জ্য অপসারনের রেইটস/সার্ভিস চার্জ, ও অন্যান্য কর , ফি, রেইটস্ ইত্যাদি আদায়ের জন্য করদাতাদেরকে তাগাদাপত্র প্রদান, মাইকিং এবং টিম গঠন করে হোল্ডিং টেক্স ও নন হোল্ডিং রাজস্ব আদায় কার্যক্রম পরিচালনা করতে হবে। অন্তর্বর্তীকালীন এসেসমেন্টের মাধ্যমে বাদপড়া ও নতুন নতুন হোল্ডিং এর কর ধার্য ও আদায় করতে হবে। তাছাড়া আদর্শ কর তফসিল ২০১৪ (সংশোধনী ২০১৭) এর আলোকে নতুন নতুন উৎস/খাত হতে কর/ফি আদায়ের ব্যবস্থা গ্রহন করতে হবে।<br><br>**সিদ্ধান্ত** ১.২ : অন্তবর্তীকালীন এসেসমেন্ট সম্পন্ন করার জন্য নিম্নোক্তভাবে ১টি কমিটি গঠন করা হলো:<br>১. টিটন দাশ উপ সহকারী প্রকৌশলী আহবায়ক<br>২. মোহাম্মদ লিয়াকত আলী , হিসাবরক্ষণ কর্মকর্তা, সদস্য<br>৩. বিউটি দেব , লাইসেন্স পরিদর্শক, সদস্য<br>৪. মোঃ রাসেল মিয়া, অফিস সহায়ক, সদস্য<br>৫. মোঃ ছিদ্দিক আলী, কর আদায়কারী, সদস্য সচিব। | |
| ০২ | উন্নয়নমূলক কর্মকান্ড সংক্রান্ত : | (ক) সভায় উপসহকারী প্রকৌশলী জনাব টিটন দাশ জানান যে, এপিডি, কোভিড-১৯, IUGIP প্রকল্পের আওতায় পূর্বে গৃহীত উন্নয়ন প্রকল্পের কাজ চলমান আছে। ২০২৫-২০২৬ অর্থ বছরের উন্নয়ন সহায়তা (এডিপি) খাতে সম্ভাব্য সাধারণ বরাদ্ধ ৮২.০৮ লক্ষ টাকার এবং বিশেষ বরাদ্ধ ৪০.০০ লক্ষ টাকার প্রকল্পের খসড়া তালিকা ও প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। নির্বাচনী বিধি নিষেধের কারনে নির্বাচনকালীন সময়ের পর প্রকল্প ও প্রাক্কলন চুড়ান্ত করে দরপত্র আহবান করা হবে। সভায় তিনি আরো জানান যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গনভোট ২০২৬-এ ভোট গ্রহন কেন্দ্রে যাতয়যাতের রাস্তাঘাট জরুরীভিত্তিতে মেরামত/ সংস্কার করার জন্য স্থানীয় সরকার বিভাগ হতে নির্দেশনা দেয়া হয়েছে। চুনারুঘাট পৌর এলাকায় ৫টি ভোটগ্রহন কেন্দ্র রয়েছে। কেন্দ্রগুলোতে যাতায়াতের রাস্তাঘাট মেরামত/সংস্কারের জন্য তিনি ১টি প্রকল্প ও প্রাক্কলন সভায় উপস্থাপন করেন।<br><br>সিদ্ধান্ত ২.১ : চলমান এডিপি, কোভিড-১৯, ও IUGIP প্রকল্পের আওতায় চলমান বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কাজ গুনগতমান অক্ষুন রেখে দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>সিদ্ধান্ত ২.২ : চলতি বছরের এডিপি খাতে সাধারন ও বিশেষ বরাদ্ধের অর্থে নির্বাচনের পরপরই দরপত্র আহবানের কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>সিদ্ধান্ত ২.৩ : ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গনভোট-২০২৬ এ পৌর এলাকার ০৫ টি ভোটগ্রহন কেন্দ্রে যাতায়াতের সুবিধার্থে "Emergency Improvement & Repair work for 13th National Election & Referendum 2026 Polling station of poura area (Old damage BC road. BFS road,Road side drain) at different place in Chunarughat Pourashava, for the year 2025-2026." প্রকল্পটি পৌর উন্নয়ন তহবিল (এডিপি) তহবিলের অর্থে জরুরীভিত্তিতে কোটেশন আহবান (RFQ) পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো এবং এ কাজের জন্য ৬ ,৯৭,৯৮২/- প্রাক্কলন অনুমোদন করা হলো। | (ক) প্রশাসক<br>(খ) উপ সহকারী প্রকৌশলী<br>(গ) সদস্য (সকল) সহায়ক কমিটি। |
| ০৩ | গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচীর (টিআর) আওতায় | উপ সহকারী প্রকৌশলী জানান যে,দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ০২ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ১৩২ নং স্মারকে ২০২৫-২০২৬ অর্থ বছরের গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচীর (টিআর) আওতায় ২য় পর্যায়ের অত্র পৌরসভার অনুকুলে বরাদ্ধকৃত ৪,৫৮,০১৬/৫০ টাকায় বাস্তবায়নের জন্য প্রকল্প চুড়ান্ত করে জেলা প্রশাসক হবিগঞ্জ মহোদয়ের কার্যালয়ে প্রেরন করতে হবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলাপ-আলোচনা করা হয়। | ক) প্রশাসক<br>(খ) উপ সহকারী প্রকৌশলী |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | সিদ্ধান্ত : ২০২৫-২০২৬ অর্থ বছরের গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচীর (টিআর) আওতায় ২য় পর্যায়ের অত্র পৌরসভার অনুকূলে বরাদ্দকৃত ৪,৫৮,০১৬/৫০ টাকায় নিম্নোক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় :<br>১. উপজেলা পরিষদ ও পৌরসভা কার্যালয়ের সম্মুখভাগে মাটি ভরাট, বৃক্ষ রোপন ও সৌন্দর্য বর্ধনকরণ : বরাদ্ধ ১,৫৮,০০০/-<br>২. (ক) বড়াইল LGCRRP RCC road end point মোঃ দিদার হোসেন এর ধানের জমির শেষ সীমানা পর্যন্ত মাটি ভরাটকরণ : বরাদ্ধ ১,০০,০০০/-<br>(খ) চুনারুঘাট পৌরসভা ক্যারিয়ার ক্লাবের জন্য বই ও প্রয়োজনীয় উপকরণ ক্রয় : বরাদ্ধ ৬০,০০০/-<br>৩. পাকুরিয়া ও উত্তর আমকান্দির সংযোগ সড়কে বারই হাজীর বাড়ি হইতে ইয়াকত মিয়ার বাড়ির সম্মুখ পর্যন্ত মাটি ভরাট (৭ ও ৮ নং ওয়ার্ড) : বরাদ্ধ ১,৪০,০১৬/৫০ | |
| ০৪ | ময়লা-আবর্জনা পরিস্কার পরিচ্ছন্নকরণ। | হিসবরক্ষণ কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে নিয়োজিত পরিচ্ছন্ন কর্মী/দৈনিক হাজিরা ভিত্তিক শ্রমিকগণ ৩টি টিমে ভাগ হয়ে ২টি শিপ্টে মংলা আবর্জনা পরিস্কারের কাজ করে যাচ্ছে। ডে শিপ্টে ১টি টিম শহরের উত্তরাংশে (৫টি ওয়ার্ডের) ড্রেনের বর্জ্য, ১টি টিম দক্ষিনাংশের (৪টি ওয়ার্ডের) ড্রেনের বর্জ্য এবং অন্য ১টি টিম শহরের সকল ডাস্টবিনের ময়লা আবর্জনা অপসারনের কাজ সমপন্ন করছেন। তাছাড়া নাইট শিপ্টে ২টি টিমে ভাগ হয়ে শহরের রাস্তাঘাট ঝাড়ু দিয়ে পরিস্কার-পরিচ্ছন্নতার কাজ করে যাচ্ছে। ময়লা আবর্জনা অপসারনের কাজ স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তবে শহর এলাকার রাস্তাঘাট রাতের বেলায় ঝাড়ু দিয়ে পরিস্কার পরিচ্ছন্ন / ময়লা আবর্জনা অপসারন করার পর দোকাল মালিকদের অনেকেই সকাল বেলায় রাস্তার উপর ময়লা ফেলে। এতে দিনের বেলায় রাস্তাঘাটে অপরিচ্ছন্ন দেখায়। ব্যবসায়ীগন যদি রাতের বেলায় তাদের দোকানের ময়লা পৌরসভার নির্ধারিত স্থানে রেখে দেয় তাহলে রাতেই সেগুলো পরিস্কার করা যায়।<br><br>**সিদ্ধান্ত :** নিয়মিত পরিস্কার পরিচ্ছন্নতার কাজ অব্যাহত রাখতে হবে। শহরের যেসকল এলাকার ডাস্টবিন নষ্ট হয়ে গেছে, সেখানে নতুন ডাস্টবিন পুন:স্থাপন করতে হবে। ময়লা আবর্জনার স্তুপে এবং ড্রেন, ডাস্টবিনের আশপাশে নিয়মিত ব্লিচিং পাউডার ছিটাতে হবে। শহর এলাকার দোকানের ময়লা-আবর্জনা দিনের বেলার পরিবর্তে রাতের বেলায় পরিচ্ছন্নকর্মীগন রাস্তাঘাট ঝাড়ু দেয়ার আগে দোকানের ময়লা পৌরসভার নির্ধারিত স্থানে রাখার জন্য ব্যবসায়ীগন মাইকিং করে অবগত করতে হবে। | ১। প্রশাসক,<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা। |
| ০৪ | ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ : | সভায় ডেঙ্গুসহ মশাবকাহিত বিভিন্ন রোগ প্রতিরোধে নিয়মিত মশক নিধন ঔষধ প্রয়োগের বিষয়ে আলোচনা হয়। হিসাবরক্ষণ কর্মকর্তা জানান যে, বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ইতোমধ্যেই নতুন ফগার মেশিন. স্প্রে মেশিন, লার্ভিসাইড ও এডাল্টিসাইট ক্রয় করা হয়েছে। তিনি আরো জানান পৌর প্রশাসক মহোদয়ের সাথে পরামর্শক্রমে "ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা ২০২৫" অনুসরণ করে ২টি ফগার মেশিন ও ২টি স্প্রে মেশিন দিয়ে সমগ্র পৌর এলাকায় পালাক্রমে প্রতিদিন (শুক্রবার ব্যতিত) পূর্বাহ্নে লার্ভিসাইড ঔষধ এবং অপরাহ্নে এডাল্টিসাইট ঔষধ ছিটানো হচ্ছে।<br><br>সিদ্ধান্ত : "ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা ২০২৫" অনুসরণ করে নিয়মিত লার্ভিসাইড ও এডাল্টিসাইট ওষুধ ছিটানোর কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং আগাছা, ময়লা আবর্জনা নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন করতে হবে। ক্রয়কৃত মশক নিধন ঔষধের মজুদ শেষ হওয়ার আগেই লার্ভিসাইড ও এডাল্টিসাইট ওষুধ ক্রয়সহ যথোপযুক্ত কার্যক্রম গ্রহন করতে হবে। | ১। প্রশাসক,<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা।<br>৩।উপ সহকারী প্রকৌশলী। |
| ০৫ | GESIAP ও PRAP এর আওতায় প্রশিক্ষন কর্মসূচীর আয়োজন : | সভায় উপ সহকারী প্রকৌশলী জনাব টিটন দাশ জানান যে IUGIP প্রকল্পের শর্তানুযায়ী প্রকল্পের আওতায় প্রনীত UGIAP এ বর্ণিত কার্যক্রম কার্যক্রমের অংশ হিসেবে পৌরসভার নিজস্ব রাজস্ব বাজেটের আওতায় Poverty Redution Action Plan (PRAP) খাতের এবং Gender Equation and Social Inclusion Action Plan (GESIAP) খাতের অর্থ হতে চলতি অর্থবছরে আরো ৪০ জন কে প্রশিক্ষণ প্রদানসহ তাদের স্বাবলম্বি করার ব্যবস্থা | ১। প্রশাসক,<br>২। উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা<br>৩। মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি,<br>৪। দারিদ্র বিমোচন ও বস্তী উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, |



CS CamScanner

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>করতে হবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলাপ আলোচনা করা হয়। আলোচনান্তে হাঁস-মুরগী ও গবাদী পশু পালনের উপর প্রশিক্ষন প্রদানের বিষয়ে সকলেই মতপোষন করেন।<br><br>সিদ্ধান্ত : ৪০ জন দরিদ্র মহিলা/পুরুষকে হাঁস-মুরগী ও গবাদী পশু পালনের বিষয়ে ২/৩ দিনের প্রশিক্ষন আয়োজন করা হবে। প্রশিক্ষণটি উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার দপ্তরর মাধ্যমে সম্পন্ন করা হবে। প্রশিক্ষনের ব্যয় চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্যপৌর রাজস্ব তহবিলের Gender Equation and Social Inclusion Action Plan (GESIAP) এবং Poverty Redution Action Plan (PRAP) খাতের বরাদ্ধ হতে মিটানো হবে।</td>
<td>৫। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা।<br>৬। উপ সহকারী প্রকৌশলী।</td>
</tr>
<tr>
<td>০৬</td>
<td>পৌরসভার হাট বাজার ও অন্যান্য স্থাপনা ইজারা প্রদান :</td>
<td>চুনারুঘাট পৌরসভার নিয়ন্ত্রনাধীন হাট বাজার ও অন্যান্য স্থাপনা ১৪৩৩ বাংলা সনের জন্য ইজারা প্রদানের বিষয়ে সভায় আলাপ-আলোচনা করা হয়। সভায় উপসহকারী প্রকৌশলী জানান যে, অত্র পৌরসভার নিয়ন্ত্রনাধীন ০৪ টি পাবলিক টয়লেট রয়েছে। পাবলিক টয়লেটসমূহ ইতঃপূর্বে ইজারা দেয়া হয়নি, টয়লেটগুলো সাধারণ বাজারের ইজারাদার/বিভিন্ন সমিতি নিয়ন্ত্রন করে থাকে। এগুলোকে পৃথক পৃথকভাবে ইজারা প্রদান করা হলে পৌরসভার রাজস্ব আয় অনেক বৃদ্ধি পাবে, একই সাথে টয়লেটগুলো পরিস্কার পরিচ্ছন্নভাবে রক্ষনাবেক্ষন করা সহজ হবে। সভায় বিস্তারিত আলোচনান্তে পৌরসভার রাজস্ব আয় ও রক্ষণাবেক্ষণের স্বার্থে সরকারিমূল্য নির্ধারণক্রমে পাবলিক টয়লেটগুলো ইজারা প্রদানের বিষয়ে সকলেই একমত পোষণ করেন।<br><br>সিদ্ধান্ত : নিম্নোক্ত হাটবাজার ও স্থাপনাসমূহের ১৪৩৩ বাংলা সনের জন্য ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং স্থাপনাসমূহের সরকারি মূল্য নির্ধারণ করা হয় ।<br><br>
<table>
<tr><th>ক্র/ন</th><th>হাট বাজার/ স্থাপনার নাম</th><th>সরকারি মূল্য</th></tr>
<tr><td>০১</td><td>চুনারুঘাট সরকারি সাধারণ বাজার</td><td>২১,৮৪,২৯০/-</td></tr>
<tr><td>০২</td><td>চুনারুঘাট সরকারি পশুর হাট</td><td>৫,৫৩,১৯৭/-</td></tr>
<tr><td>০৩</td><td>উত্তর বাজার ও দক্ষিণ বাজার পণ্য উঠানামা স্ট্যান্ড</td><td>২৯,২৩,৮৩৫/-</td></tr>
<tr><td>০৪</td><td>মাছবাজার পাবলিক টয়লেট</td><td>৩,০০,০০০/-</td></tr>
<tr><td>০৫</td><td>উত্তর বাজার মহিলা মার্কেক সংলগ্ন পাবলিক টয়লেট</td><td>৩,০০,০০০/-</td></tr>
<tr><td>০৬</td><td>উত্তর বাজার কসাইখানা সংলগ্ন পাবলিক টয়লেট</td><td>১,৫০,০০০/-</td></tr>
<tr><td>০৭</td><td>উত্তর বাজার রাণীগাও রোডে ডিপিএইচই কতৃক নির্মিত পাবলিক টয়লেট</td><td>৩,০০,০০০/-</td></tr>
<tr><td>০৮</td><td>উত্তরবাজার কসাইখানা</td><td>১,২৮,৯৬০/-</td></tr>
</table></td>
<td>১। প্রশাসক,<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা।<br>৩। উপ সহকারী প্রকৌশলী।</td>
</tr>
<tr>
<td>০৭</td>
<td>বিবিধ :</td>
<td>১। মোঃ ফুয়াদ হাসান, ব্যবস্থাপনা পরিচালক, চুনারুঘাট আধুনিক ডায়গনস্টিক সেন্টার, দিদার ম্যানশন, চুনারুঘাট কর্তৃক পৌরসভা কর্তৃক বর্জ্য অপসারণের বিষয়ে চুক্তিসম্পাদনের আবেদনপত্রটি সভায় উপস্থানট করা হয়। মাসিক ফি নির্ধারণসহ চুক্তিসম্পাদনের বিষয়ে সভায় বিস্তারিত আলাপ আলোচনা করা হয়।<br><br>২। অত্র পৌরসভার কর আদায়কারী জনাব মোঃ ছিদ্দিক আলী কর্তৃক এসেসর পদের অতিরিক্ত দায়িত্ব পালনের বিপরীতে দায়িত্বভাতা পাওয়ার আবেদপত্র খানা সভায় উপস্থাপন করা। জনাব মোঃ ছিদ্দিক আলী অত্র কার্যালয়ের অফিস আদেশ অনুযায়ী কর নির্ধারকের শূণ্য পদের দায়িত্ব পালন করছেন। জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ২২ নং অনুচ্ছেদে অনুযায়ী চলতি দায়িত্ব বা অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য মূল বেতনের ১০% সর্বোচ্চ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা হারে কার্যভার ভাতা প্রদানের বিষয়ে উল্লেখ রয়েছে। সভায় এ বিষয়ে আলাপ আলোচনা করা হয়।<br><br>৩। অত্র কার্যালয়ের গার্বেজ ট্রাক চালক জনাব মোঃ খুর্শেদ আলম, পিতা মৃত আঃ রশিদ, উত্তর বাজার, চুনারুঘাট পৌরসভা, কর্মরত অবস্থায় অসুস্থ (হার্ট অ্যাটাক) হয়ে চিকিৎসাধীন রয়েছে। চিকিৎসার জন্য তাকে আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>৪। অত্র কার্যালয়ের কনজারভেন্সী সুপারভাইজার জনাব মোঃ ইকবাল মিয়া অসুস্থতার চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য দাখিলকৃত আবেদনপত্রখানা সভায় উপস্থাপন করা হয়। চিকিৎসার জন্য তাকে আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td>
<td>১। প্রশাসক,<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা।<br>৩।উপ সহকারী প্রকৌশলী।</td>
</tr>
</table>



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত ৭.১** : চুনারুঘাট আধুনিক ডায়গনস্টিক সেন্টার , দিদার ম্যানশন, চুনারুঘাট এর মেডিকেল বর্জ্য ব্যতিত সাধারণ বর্জ্য পৌরসভা কর্তৃক অপসারণ করা হবে। বর্জ্য অপসারণ বাবদ ডায়গনস্টিক সেন্টার প্রতিমাসে ৩,০০০/-(তিন হাজার) টাকা হারে পৌরসভাকে সার্ভিস চার্জ /ফি পরিশোধ করবে। ৩ বছর মেয়াদী চুক্তি সম্পাদন করা হবে। | |
| | | **সিদ্ধান্ত ৭.২** : কর আদায়কারী জনাব মোঃ ছিদ্দিক আলীকে , কর নির্ধারকের অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ২২ নং অনুচ্ছেদে অনুযায়ী মূল বেতনের ১০% সর্বোচ্চ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা হারে কার্যভার ভাতা প্রদানের সিদ্ধান্ত হয়, যাহা ১ জানুয়ারী ২০২৬ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে। | |
| | | **সিদ্ধান্ত ৭.৩ :** অত্র কার্যালয়ের গার্বেজ ট্রাক চালক জনাব মোঃ খুর্শেদ আলম, পিতা মৃত আঃ রশিদ, উত্তর বাজার, চুনারুঘাট পৌরসভা কে চিকিৎসার জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা আর্থিক সাহায্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় | |
| | | **সিদ্ধান্ত ৭.৪** : অত্র কার্যালয়ের ভারপ্রাপ্ত কনজারভেন্সী সুপারভাইজার জনাব মোঃ ইকবাল মিয়াকে চিকিৎসার জন্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা আর্থিক সাহায্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় | |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তী ঘোষনা করেন।

(মোঃ জিয়াউর রহমান)
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা।

স্মারক নং :চুঃপৌঃ/প্রশাঃ/২০২৬/২৩৫ তারিখ : ০৩.০২.২০২৬ খ্রিঃ।

<u>সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরন করা হলো :</u>

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৩। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার , হবিগঞ্জ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, চুনারুঘাট, হবিগঞ্জ।
৬। সদস্য (সকল) পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিত কমিটি, চুনারুঘাট পৌরসভা।
৭। বিভাগ প্রধান (সকল) চুনারুঘাট পৌরসভা।
৮। শাখা প্রধান (সকল) চুনারুঘাট পৌরসভা, হবিগঞ্জ।
৯। জনাব ..........................................................................
১০। অফিস নথি।

(মোঃ জিয়াউর রহমান)
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা।



CamScanner